

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯২

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৩৯. উযূ করতে অপরের সাহায্য গ্রহণ এবং তার পানি ঢেলে দেয়া।

بَابِ الرَّجُلِ يَسْتَعِينُ عَلَى وُضُوئِهِ فَيَصِبُّ عَلَيْهِ

আরবী

حَدَّتَنَا كُرْدُوسُ بْنُ أَبِي عَبْدِ اللَّهِ الْوَاسِطِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْكَرِيمِ بْنُ رَوْحٍ، حَدَّثَنَا أَبِي رَوْحُ بْنُ عَنْبَسَةَ بْنِ سَعِيدِ بْنِ أَبِي عَيَّاشٍ، مَوْلَى عُثْمَانَ بْنِ عَفَّانَ عَنْ أَبِيهِ، عَنْبَسَةَ بْنِ سَعِيدٍ عَنْ جَدَّتِهِ أُمِّ أَبِيهِ أُمِّ عَيَّاشٍ، وَكَانَتْ، أَمَةً لِرُقَيَّةَ بِنْتِ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنْ جُدَّتِهِ أُمِّ أَبِيهِ أُمِّ عَيَّاشٍ، وَكَانَتْ، أَمَةً لِرُقَيَّةَ بِنْتِ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَتْ كُنْتُ أُوضِيًّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أَنَا قَائِمَةٌ وَهُوَ قَاعِدٌ .

বাংলা

8/৩৯২। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কন্যা রুকাইয়াহ (রাঃ)-এর দাসী উম্মু আইয়াশ থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে উযূ (ওজু/অজু/অযু) করাতাম। আমি দাঁড়িয়ে পানি ঢালতাম (এবং তিনি বসে উয়ু করতেন)।

English

Umm 'Ayyash, the slave woman of Ruqayyah, the daughter of the Messenger of Allah, said:

"I used to help the Messenger of Allah perform ablution, when I was standing and he was sitting."

ফুটনোট

তাহকীক আলবানী: যঈষ। উক্ত হাদিসের রাবী ১. আবদুল কারীম বিন রাওয সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও অন্যত্র তিনি বলেন, তিনি সিকাহ রাবীর বিপরীত বর্ণনা করেন ও হাদিস বর্ণনায় ভুল করেন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি অপরিচিত, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইমাম দারাকুতনী ও ইমাম যাহাবী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ২. রাওয বিন আম্বাসাহ বিন সাঈদ বিন আবু আয়্যাশ সম্পর্কে বলা হয়েছে তিনি অপরিচিত।



৩. আম্বাসাহ বিন সাইদ সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তার পরিচিতি সম্পর্কে কিছু জানা যায় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন